

সৌদি সিভিল এভিয়েশন অথরিটি কোয়ারেন্টিন বিষয়ে কিছু পরিবর্তন এনেছে

ইতোমধ্যে আমরা সকলেই জানি সৌদিতে প্রবেশের পূর্বে কেউ সৌদি আরবে অনুমোদিত টিকার পূর্ণ ডোজ সৌদির বাহিরের কোন দেশ থেকে গ্রহণ করে আসলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন এ থাকতে হয় না, এবং যারা পূর্ণাঙ্গ ডোজ টিকা গ্রহণ করেনি তাদের কে সৌদি আরবে আসার পর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকতে হয়।

এবার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকার মেয়াদের ক্ষেত্রে কিছুটা শিথিল করেছে সৌদি সরকার। আজ 13 সেপ্টেম্বর 2021 তারিখে সৌদি সিভিল এভিয়েশন অথরিটি কর্তৃক প্রকাশিত সর্বশেষ নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে অনুমোদিত টিকা সমূহের কোন একটি টিকার পূর্ণাঙ্গ ডোজ গ্রহণ না করে থাকলে অথবা সৌদি আরবের অনুমোদিত নয় কিন্তু বিশ্ব স্বাস্থ্য সংস্থার অনুমোদন রয়েছে এমন টিকার সম্পূর্ণ ডোজ গ্রহণ করে থাকলে সৌদি আরবে এসে পূর্বের ন্যায় সাতদিন প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে না থেকে 5 দিন করে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে মর্মে জানানো হয়েছে।

অর্থাৎ যারা বাংলাদেশ হতে সৌদি আরবে অনুমোদিত টিকা সমূহের একটি টিকা নিয়েছেন অথবা সিনোফার্ম/ সিনোভ্যাক টিকার ডোজ সম্পন্ন করেছেন তারা সৌদি আরবে আসতে হলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন প্যাকেজ গ্রহণ করতে হবে। তবে এবার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে 7 দিনের বদলে মাত্র 5 দিন থাকতে হবে। এর ফলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনের খরচ কমে আসবে বলে আশা করা যাচ্ছে।

কোয়ারেন্টিনে থাকার প্রথম 24 ঘন্টার মধ্যে প্রথমবার কোভিড টেস্ট ও পঞ্চম দিন দ্বিতীয়বার টেস্ট সম্পন্ন করা হবে। টেস্টে নেগেটিভ হলেই ছাড়া পাওয়া যাবে।

নতুন এই নিয়ম আগামী ২৩ সেপ্টেম্বর ২০২১ দুপুর ১২ ঘটিকা হতে কার্যকর হবে।

অপরদিকে সৌদিতে এক ডোজ, কিংবা দুই ডোজ টিকা গ্রহণকারি যাদের তাওয়াক্কালনা এপে ইমিউন শো করে তাদের বিষয়ে নতুন কোন নির্দেশনা প্রদান করেনি। ফলে ইমিউন থাকলে, তাওয়াক্কালনার স্ক্রীনশট- হ্যালথ পাসপোর্ট এর প্রিন্ট এবং টিকার সার্টিফিকেট এর প্রিন্ট থাকলে বাংলাদেশ থেকে আসার সময় প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন প্রয়োজন হবেনা।

উল্লেখ্য, সৌদিতে আসার পূর্বে যেকোন অবস্থাতেই বিমানে আরোহনের সর্বোচ্চ 72 ঘন্টার পূর্বে পিসিআর নেগেটিভ টেস্ট এবং মুকীম পোর্টালে নিবন্ধন হওয়া শর্ত রয়েছে।